PHIL-G-CC-T-02, SOMA THAKUR

যুক্তির L.F করার জন্য কয়েকটি নিয়ম নজরে রাখতে হবে।

1) ন্যায় অনুমানের ক্ষেত্রে যুক্তিতে তিনটি পদ থাকবেই। কিন্তু তিনটি বচন নাও থাকতে পারে। যদি তিনটি বচন না থাকে তাকে সংক্ষিপ্ত ন্যায় বলা হবে। এক্ষেত্রে তিনটি পদ এবং ন্যায়ের নিয়মকে কেন্দ্র করে তিনটি বচন গঠন করে নিতে হবে।

2) বচন গঠন করার ক্ষেত্রে যদি সিদ্ধান্ত দেওয়া থাকে তাকে কেন্দ্র করে সাধ্যবাক্য ও পক্ষবাক্য তৈরী করা সহজ। কিন্তু যদি সিদ্ধান্ত দেওয়া না থাকে তাহলে সাধ্যবাক্য ও পক্ষবাক্য প্রথম দুটি বাক্য হবে। তারপর ঐ দুটি বাক্যের ভিত্তিতে সিদ্ধান্ত গঠিত হবে।

নীচে কয়েকটি করে দেওয়া হল — লক্ষ্য কর!

অনেক পুরুষ অবশ্যই নারী, যেহেতু নারীর মতো পুরুষেরাও মরণশীল। এখানে তিনটি পদ ও দুটি বাক্য আছে। পদগুলি হল — পুরুষ, নারী, মরণশীল। কারণের আগের অংশ সিদ্ধান্ত হওয়ায় যুক্তির গঠন হবে। ঐ দ্বিতীয় বাক্যে মতো সংযোজক দিয়ে দুটি বাক্যকে যুক্ত করা হয়েছে।

যুক্তির L.F হল —

সকল নারী হয় মরণশীল — (A)
সকল পুরুষ হয় মরণশীল — (A)
∴ সকল পুরুষ হয় নারী — (A)

2য় সংস্থান



অব্যাপ্য হেতু দোষ। এখানে সিদ্ধান্ত সার্বিক হয়েছে, তা ছাড়া হেতুপদও সার্বিক